



প্রেস বিজ্ঞপ্তি

১০ জুলাই-২০২৪

## জুয়েলারি শিল্পের উন্নয়নে ৮ হাজার জনকে প্রশিক্ষণ দিবে বাজুস।

জুয়েলারি শিল্পের উন্নয়নে ৮ হাজার জনকে প্রশিক্ষণ দিবে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস। বিশ্বব্যাংকের অর্থায়নে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের তত্ত্বাবধানে এন একসিলারেটিং এন্ড স্ট্রুংথেনিং স্কিলস ফর ইকোনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রজেক্টের আওতায় এই প্রশিক্ষণ সারাদেশের জুয়েলার্স ও কারিগরদের প্রদান করা হবে।

আজ কক্সবাজারের স্থানীয় একটি হোটেলে প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এইসব কথা বলেন। বাজুসের উপদেষ্টা রুহুল আমিন রাসেলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব ড. ফরিদ উদ্দিন আহমেদ। তিনি তার বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিকল্পনার উদ্ভূতি দিয়ে বলেন "২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত আয়ের দেশে পরিণত করতে হলে কারিগরিভাবে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। এজন্য তিনি বর্তমান উদ্যোক্তাদের আহবান জানান যে, তাদের এই প্রশিক্ষণের মাধ্যমে অভিজ্ঞতার সাথে দক্ষতার উন্নয়ন ঘটবে। যাতে করে তারা তাদের কারিগরদের দক্ষ করে গড়ে তুলতে উৎসাহ বোধ করবে। যাতে করে দেশীয় সোনার অলংকারের সোনালী অতীত পুনরায় ফিরিয়ে আনা সম্ভব হয়। তিনি আরো উল্লেখ করেন যে, দেশের বর্তমানে ৮৪ টি ভোকেশনাল প্রতিষ্ঠানে এখনই সোনা শিল্প সম্পর্কিত বিষয়গুলো সংযুক্ত করা সম্ভব নয়। এজন্যে ধাপে ধাপে দেশের ভোকেশনাল প্রতিষ্ঠানগুলোতে সোনা সম্পর্কিত বিষয়গুলো সংযুক্ত করা হবে।"

এই অনুষ্ঠানের বিশেষ অতিথি ASSET প্রজেক্টের প্রকল্প পরিচালক ও অতিঃ সচিব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ তার বক্তব্যে উল্লেখ করেন বাংলাদেশের সরকার এখন সোনা শিল্পকে আলাদাভাবে এগিয়ে নেওয়ার প্রয়োজন অনুভব করেছে। সেই জন্যে এই ব্যতিক্রমধর্মী প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নিয়েছে। এজন্যে বাজুসের বর্তমান কার্যনির্বাহী কমিটি এবং এই প্রশিক্ষণের সাথে সংযুক্ত সকল কর্তব্যাক্তিদের ধন্যবাদ জানান। তিনি আরো বলেন এই শিল্পে এক সময় অনেক কারিগর ছিলেন। কিন্তু সঠিক পরিচর্যার অভাবে অনেকেই তারা আজ বিলুপ্ত প্রায়। তারা অনেক দক্ষ থাকার পরেও তাদের দক্ষতাকে মূল্যায়ন করা হয়নি। আমরা আশা করছি এই প্রশিক্ষণের মাধ্যমে ও বাজুসের





সহযোগীতায় এই কারিগরদের দক্ষ করে গড়ে তোলার পাশাপাশি, তাদের দক্ষতাকে মূল্যায়ন করতে পারবো।

এই অনুষ্ঠানের বিশেষ অতিথি ASSET প্রজেক্টের অতিরিক্ত প্রকল্প পরিচালক ও উপসচিব মোঃ আব্দুর রহিম বাজুসকে এই প্রশিক্ষণ আয়োজন করার জন্যে ধন্যবাদ জানানোর পাশাপাশি তার বক্তব্যে বলেন "বাজুসের এই কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাজুস ও কারিগরি শিক্ষা অধিদপ্তর সম্মিলিতভাবে জুয়েলারি শিল্প বিকাশে অবদান রাখতে পারবে। যার ফলে এই প্রজেক্টের আওতায় প্রশিক্ষণার্থীরা আরো দক্ষ হয়ে উঠবে। যাতে করে চাকুরীক্ষেত্রে আরো বেশি সুযোগ পাবে বলে আশা রাখছি। পাশাপাশি আমাদের দেশীয় শিল্পকে অগ্রাধিকার প্রদান করার মাধ্যমে বিদেশে সোনার অলংকার রপ্তানী করে দেশীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

এই অনুষ্ঠানের সভাপতি, বাজুসের মুখপাত্র ও কার্যনির্বাহী সদস্য আনোয়ার হোসেন তার বক্তব্যে বলেন, বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীরের দিক নির্দেশনায় এগিয়ে যাচ্ছে জুয়েলারি শিল্প। তিনি সবসময় চান জুয়েলারি শিল্পীরা কারিগরি শিক্ষায় দক্ষ হোক। জুয়েলারি শিল্পকে এগিয়ে নিতে হলে কারিগরি শিক্ষার কোন বিকল্প নেই। এর জন্য প্রাতিষ্ঠানিক কারিগরি শিক্ষা প্রয়োজন। আমাদের কারিগরদের সুনাম বিশ্বজুড়ে। কারিগরি শিক্ষা গ্রহণ করতে পারলে ভারত, দুবাই, চীনের মত দেশ থেকেও আমরা এগিয়ে যেতে পারবো।

রশেদ রহমান অমিত  
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট, বাজুস  
মোবাইল: ০১৭৭৪৪৩১৩৮৭